গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এসডিজি, এপিএ, এনআইএস, ইনোভেশন সেল
www.tmed.gov.bd

**বিষয়ঃ ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবার হালনাগাদ ডাটাবেজ সংক্রান্ত প্রত্যয়ন।**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.২.১-এর 'ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ প্রণয়ন ও চালু অব্যাহত রাখা' সংক্রান্ত ২০২৩-২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো:

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | অনলাইনে এমপিও আবেদন | নন এমপিওভুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কার্যক্রম সহজিকরণের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করে অনলাইনে আবেদন গ্রহণ করে এমপিও কার্যক্রম সহজিকরণ করা হয়েছে।<br>এমপিও প্রত্যাশী শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে এমপিও প্রদানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত), বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) নীতিমালাদ্বয়ের আলোকে সারা দেশের বিভিন্ন স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা) এমপিওভুক্ত করার জন্য গত ২৬/০৮/২০১৮ হতে ১৪/০৯/২০১৮ তারিখ পর্যন্ত অনলাইনে ১ম বার আবেদন গ্রহণ করে এমপিও প্রদান করা হয়।<br>পরবর্তীতে গত ৩০.০৯.২০২১ তারিখে গণবিজ্ঞপ্তি জারি করা হয়। এতে অনলাইনে ১০.১০.২০২১ থেকে ৩১.১০.২০২১ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণের মাধ্যমে সেবাটি প্রদান করা হয়। | আছে | পাচ্ছে | http://202.72.235.210/mpo-madrasha<br>http://202.72.235.210/mpo-technical<br>http://202.72.235.210/mpo-agriculture<br>http://202.72.235.210/mpo-fisheries | এমপিও প্রদান কার্যক্রম অনলাইন এর মাধ্যমে সম্পন্ন করা হয়। প্রশাসনিক কাজে সুবিধা ও শৃঙ্খলা রক্ষার জন্য বর্তমানে লিংকটি সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। পুনরায় এমপিও প্রদানের সরকারি নির্দেশনা আসলে লিংকসমূহ কার্যকর করে আবেদন গ্রহণ করা হবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০২. | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক /উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণের বদলির আবেদন | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ/অধ্যাপক/উপাধ্যক্ষ/সহযোগী অধ্যাপক/চীফ ইনস্ট্রাক্টর/সহকারী অধ্যাপক/সম পদমর্যাদার কর্মকর্তাগণ এ সেবাটি আগে অফলাইণে প্রদান করা হত। ২০২১-২২ অর্থ বছরে এটুআই এর মাইগভ প্লাটফরমের মাধ্যমে সেবাটি অনলাইনে প্রদান করা হচ্ছে। সেবা সহজিকরণের ফলে নিজ কর্মস্থল থেকেই বদলির আবেদন করতে পারবেন। ঢাকায় আসার প্রয়োজন হবে না। কোন অর্থ ব্যয় এবং মূল্যবান সময় অপচয় হচ্ছেনা। | আছে | পাচ্ছে | https://www.mygov.bd/service/?id=BDGS-1635577309 | |
| ০৩. | শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদান | দেশব্যাপী গরীব/অসহায় শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী ও শিক্ষা প্রতিষ্ঠানকে সেবা প্রদানের লক্ষে সেবাটিকে সহজীকরন করা হয়েছে।<br>এটুআই এর মাইগভ প্লাটফরমের মাধ্যমে সেবাটি অনলাইনে প্রদান করা হচ্ছে।<br>প্রতিবছর ফেব্রুয়ারি মাসব্যাপী অনলাইনে আবেদন গ্রহণ করা হয় এবং জুন মাসের মধ্যে তাদের বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়। | আছে | পাচ্ছে | https://www.mygov.bd/service/?id=BDGS-1635577309 | সেবাটি সময়াবদ্ধ হওয়ায় বর্তমানে লিংকটি বন্ধ রাখা হয়েছে। ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে আবেদন গ্রহণের জন্য লিংকটি পূণরায় কার্যকর করা হবে। |
| ০৪. | Educational Institute Information & Monitoring System | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সকল শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য প্রাপ্তি এবং শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং এর জন্য একটি মোবাইল এ্যাপস এবং ওয়েব ব্রাউজার এর মাধ্যমে সেবাটির জন্য একটি অনলাইন প্লাটফরম তৈরি করা হয়েছে। | আছে | পাচ্ছে | http://ei.nanoit.biz/login | |
| ০৫. | পাবলিক পরীক্ষার সার্টিফিকেট সত্যয়ন | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নাগরিক সেবার মধ্যে এটি একটি অন্যতম সেবা। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পাবলিক পরীক্ষা শেষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এবং মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে সনদ গ্রহণ করেন। কোন শিক্ষার্থী বিদেশে অধ্যায়ন কিংবা চাকুরী করতে গেলে তাদের মূল সনদ সনদপ্রদানকারী কর্তৃপক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং পরবর্তীতে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়ন করতে হয়। বর্তমানে এ সেবাটি সম্পন্ন করতে একজন নাগরিককে তিনটি দপ্তরে কমপক্ষে তিন কার্যদিবস অপেক্ষা | আছে | পাচ্ছে | নেই | সেবাটি অফলাইনে প্রদান করা হয় বিধায় এর কোন লিংক নেই। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | করতে হয়। ফলে তাদের তিনটি দপ্তরে তিন দিনের অধিক ভিজিট করতে হয়। এতে তাদের প্রচুর সময় ও অর্থ ব্যয় করতে হয়। প্রচলিত পদ্ধতিতে সেবাগ্রহণকারীরা বাংলাদেশ সচিবালয়ের গেট থেকে (সকাল ১০-১১ টায়) লাইনে দাঁড়িয়ে টোকেন সংগ্রহের মাধ্যমে মূল সনদ জমা প্রদান করেন। এ সময়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১/২ জন কর্মচারী সনদ গ্রহণ করেন। অতপর অফিস কর্তৃক নির্ধারিত কর্মকর্তার নিকট সত্যায়নের জন্য জমা প্রদান করেন। পরবর্তীতে বিকালে (৩-৪ টা) সচিবালয় গেটে লাইনে দাঁড়িয়ে আবার সেবাগ্রহণকারীরা তাদের সনদ সংগ্রহ করেন। টোকেন সিস্টেমে সনদ ম্যানেজমেন্ট করতে গিয়ে অনেক সময় সনদ হারিয়ে যাওয়া কিংবা নষ্ট হয়ে যাওয়ার আশংকা থাকে। তাই এ সেবাটি সময় কমিয়ে সহজিকরণ করা হয়েছে। বর্তমানে সেবা গ্রহীতারা ১ ঘন্টার মধ্যে তাৎক্ষনিকভাবে সেবা গ্রহণ করতে পারছে। | | | | |

০২.০৬.২০১৪

(মোহাম্মদ মিকাইল)
উপসচিব